



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশা প্লাজা (৭ম তলা)
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।

সূত্র: ৫৩.০৪.০০০০.০৭.০৫.০০৪.১৮-৬৫০

তারিখ: ২০/০৩/২০১৮খি:

প্রধান নির্বাহী কর্মকর্তা
(শীর্ষ ৫০/তালিকাভুক্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান)

বিষয়ঃ ইনোভেশন টিম গঠন এবং ফোকাল পয়েন্ট নির্ধারন প্রসংগে;

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটিতে গত ০৭ এবং ০৮ মার্চ, ২০১৮ খি; তারিখে অথরিটির এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ইনোভেশন সংক্রান্ত সভায় আলোচনার প্রেক্ষিতে আপনার প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে একটি ইনোভেশন টিম গঠন এবং উক্ত টিম হতে একজন উপযুক্ত ফোকাল পয়েন্ট নির্ধারণ পূর্বক অথরিটিতে আগামী ০৭ কর্মদিবসের মধ্যে এবং গঠিত ইনোভেশন টিম এর কর্মপরিকল্পনা সংযুক্ত ছক অনুযায়ী আগামী ৩০/০৪/২০১৮ খি: তারিখের মধ্যে সিদ্ধান্ত অনুযায়ী অথরিটিতে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ইনোভেশন টিমের গঠন;

- ❖ একজন ইনোভেশন অফিসার;
- ❖ একজন সদস্য সচিব;
- ❖ কমিটি ৩-৭ সদস্য বিশিষ্ট হতে পারে;
- ❖ উদ্ভাবনী কাজে আগ্রহী এবং অন্যকে সহায়তা করার মানসিকতা সম্পন্ন সদস্য নির্বাচন করা যেতে পারে।

সংযুক্তিঃ বর্ননা মোতাবেক।


(মোহাম্মদ আব্দুল মান্নান)
উপপরিচালক
ফোন: ৮৩৩২৫৩৮